গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
হালুয়াঘাট, ময়মনসিংহ
www.haluaghat.mymensingh.gov.bd

স্মারক নম্বর-০৫.৪৫.৬১২৪.০০০.৫৫.০৫৩.২৪-৩৫০ তারিখ ঃ ০৮/১০/২০২৪

বিষয় :হালুয়াঘাট উপজেলার সর্বশেষ বন্যা পরিস্থিতির তথ্য প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, হালুয়াঘাট উপজেলায় অতিবৃষ্টি ও উজান থেকে নেমে আসা পাহাড়ী ঢল এবং ভোগাই নদীর পাড় ভেঙ্গে সৃষ্ট বন্যার সর্বশেষ পরিস্থিতির তথ্য মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত প্রেরণ করা হলো।

সংযুক্তি: প্রতিবেদন ০২ পাতা

০৮/১০/২০২৪
(মোঃ এরশাদুল আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
হালুয়াঘাট, ময়মনসিংহ
unohaluaghat@mopa.gov.bd

জেলা প্রশাসক
ময়মনসিংহ

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

১। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, ময়মনসিংহ
২। অফিস কপি

Scanned with CamScanner

বন্যা পরিস্থিতির তথ্য (সর্বশেষ)

জেলা: ময়মনসিংহ

উপজেলা: হালুয়াঘাট

তারিখ: ০৮/১০/২০২৪খ্রি.

সময়: রাত-৭.০০ ঘটিকা

ক্র.নং	জেলার নাম	উপদ্রুত উপজেলার নাম	উপদ্রুত ইউনিয়ন সংখ্যা	পানিবন্দী পরিবার সংখ্যা	ক্ষতিগ্রস্ত লোকসংখ্যা	মৃতের সংখ্যা	বরাদ্দকৃত ত্রাণের পরিমাণ	বিতরণকৃত ত্রাণের পরিমাণ	বর্তমান মজুদ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
০১	ময়মনসিংহ	হালুয়াঘাট	১২টি	১২,০০০ (আনুমানিক)	৭৫,০০০ (আনুমানিক)	নাই	১। ২৫.০০০ মে.টন ২। শিশু খাদ্য ক্রয় বাবদ ১,০০,০০০/- ৩। নগদ অর্থ ২,০০,০০০/- ৪। শুকনো ও অন্যান্য খাবার ১,০০০ প্যাকেট	১। ২৫.০০০ মে.টন চাল ২। শুকনো খাবার ১২০০ (এক হাজার দুইশত) প্যাকেট (ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত) ৩। শুকনো খাবার ৮০০ প্যাকেট (উপজেলা নির্বাহী অফিসারের ত্রাণ শাখা কর্তৃক ক্রয়কৃত)	শুকনো খাবার ১০০০ (এক হাজার) প্যাকেট (ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত)	১। জিআর চাল বিতরণ চলমান ২। শিশুখাদ্য বিতরণ চলমান। ৩। শুকনো খাবার ১,০০০ (এক হাজার) প্যাকেট ইউনিয়ন পরিষদ হতে ক্ষতিগ্রস্তদের পরিবারের তালিকা প্রাপ্তি সাপেক্ষে বিতরণ করা হবে।

৮/১০/২০২৪

মোহাম্মদ আলাল উদ্দিন
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
হালুয়াঘাট, ময়মনসিংহ

০৮/১০/২০২৪

মোঃ এরশাদুল আহমেদ
উপজেলা নির্বাহী অফিসার
হালুয়াঘাট, ময়মনসিংহ

Scanned with CamScanner
CamScanner

বন্যা মোকাবিলায় আশ্রয়কেন্দ্র সম্পর্কিত তথ্যাদি:

ক্র. নং	উপজেলা নাম	আশ্রয়কেন্দ্র খোলার সংখ্যা	আশ্রিত লোকসংখ্যা				আশ্রিত গবাদি পশুর সংখ্যা			মেডিকেল টিম		মহিলা ও শিশুদের নিরাপত্তা	করোনা পরিস্থিতি বিবেচনায় স্বাস্থ্যবিধি সমূহ অনুসরণ	মন্তব্য
			পুরুষ	মহিলা	শিশু	প্রতিবন্ধী	গরু/ মহিষ	ছাগল/ ভেড়া	অন্যান্য	গঠিত	চালু			
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
০১	হালুয়াঘাট	৪টি	১০০	১৫০	৭০	২ জন	২৫টি	৫০টি	৫৫টি	১২টি	৪টি	মহিলা ও শিশুদের আলাদা থাকার ব্যবস্থা করা হয়েছে।	-	-

অন্যান্য তথ্য: ১। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে প্রাপ্ত ২৫.০০০ (পঁচিশ) মে.টন চাল, নগদ ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকায় প্রস্তুতকৃত ৮০০ প্যাকেট শুকনো খাবার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর হতে প্রাপ্ত ১১,০০০ (এগার হাজার) পিছ ওরস্যালাইন, ৩,০০০ (তিন হাজার) পিছ পানি বিশুদ্ধকরণ ট্যাবলেট এবং পৌরসভাসহ বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠা হতে প্রাপ্ত ৮,৭৬৭ (আট হাজার সাতশত সাতষট্টি) প্যাকেট রান্না করা খাবার ও ১১,৮৯৫ (এগার হাজার আটশত পঁচানব্বই) প্যাকেট শুকনো খাবার, ৬০ কেজি গো খাদ্য এবং ২৩ বক্স বিস্কিট (শিশু খাদ্য) হালুয়াঘাট উপজেলার ১২ (বার)টি ইউনিয়ন ও ১ (এক) টি পৌরসভায় বিতরণ করা হয়েছে

২। উপজেলা খাদ্য অধিদপ্তরের তথ্য অনুসারে উপজেলা খাদ্য গুদামের ৪টি গোডাউন বন্যা কবলিত হওয়ায় আনুমানিক ২৭১.৮৩০ মে.টন চাল পানিতে ভিজে যাওয়ায় ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা রয়েছে

২। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর হতে প্রাপ্ত তথ্য মতে উপজেলায় মোট নিমজ্জিত কৃষি জমি ৭৩০০ হেক্টর এবং অর্ধনিমজ্জিত ৪২০০ হেক্টর ও সবজি বাগান ৭৫ হেক্টর ক্ষতিগ্রস্ত হয়েছে

৩। প্রাণীসম্পদ অধিদপ্তর হতে বিভিন্ন ইউনিয়নে বর্তমানে ৪৭ টি গরু অসুস্থ, ১৫ টি ছাগল মৃত, ৭,৪৮২টি হাঁস ক্ষতিগ্রস্ত এবং বিভিন্ন খামারের ৫৮,০৭০টি মুরগি ক্ষতিগ্রস্তের তথ্য পাওয়া গেছে

৪। মৎস্য অধিদপ্তর হতে প্রাপ্ত তথ্য মতে বিভিন্ন ইউনিয়নে ৬১৫০টি পুকুর/দীঘির/খামারের মোট ১০৭৬ হেক্টর জমি বন্যায় প্লাবিত হয়েছে

৫। সদর ইউনিয়নের পূর্বগোবরাকুড়া গ্রামে কুসুন্দরা নদীর উপরের ব্রীজ (মৃত জমসেদ আলীর বাড়ি সংলগ্ন) পড়ে গেছে

৬। কৈচাপুর ইউনিয়নে মাইজপাড়া গ্রামে ১টি ব্রীজের যোগাযোগ বিচ্ছিন্ন

৭। ধুরাইল ইউনিয়নের ঘুঘুরিয়াজুরী ব্রীজের দুপাশের মাটি সরে গিয়ে যোগাযোগ বিচ্ছিন্ন আছে

৮। জুগলী ইউনিয়নের বিভিন্ন স্থানে ৩টি ব্রীজে এপ্রোচ ক্ষতিগ্রস্ত হয়েছে

৯। ভূবনকুড়া ইউনিয়নে তেলিখালীতে নদীর বাঁধ ভেঙে যোগাযোগ বিচ্ছিন্ন হয়েছে

মন্তব্য: হালুয়াঘাট উপজেলার শাকুয়াই, নড়াইল ও বিলডোরা এই ৩(তিন)টি ইউনিয়নের বন্যা পরিস্থিতির অবনতি হয়েছে। অন্যান্য ৯ (নয়) টি ইউনিয়ন ও পৌরসভার বন্যা পরিস্থিতির উন্নতি হয়েছে।

৫/১০/২০২৪
মোহাম্মদ আলাল উদ্দিন
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
হালুয়াঘাট, ময়মনসিংহ

০৫/১০/২০২৪
মোঃ এরশাদুল আহমেদ
উপজেলা নির্বাহী অফিসার
হালুয়াঘাট, ময়মনসিংহ

Scanned with CamScanner
CamScanner